

যুগান্তর

প্রিন্ট: ১৯ অক্টোবর ২০২৫, ১১:২৫ এএম

শিক্ষাঙ্গন

বরিশাল বোর্ডে পাশের হার ৬২.৫৭, জিপিএ-৫ ১৬৭৪



বরিশাল ব্যুরো

প্রকাশ: ১৬ অক্টোবর ২০২৫, ১২:০১ পিএম



বরিশাল বোর্ডের চেয়ারম্যান প্রফেসর ইউনুস আলী সিদ্দিকী। ছবি: যুগান্তর

এইচএসসিতে বরিশাল বোর্ডে পাশের হার ৬২ দশমিক ৫৭ শতাংশ। যার মধ্যে জিপিএ-৫ পেয়েছে ১ হাজার ৬৭৪ জন শিক্ষার্থী। এই পাসের হার ও জিপিএ-৫'র সংখ্যা গত বছরের তুলনায় কম।

বৃহস্পতিবার (১৬ অক্টোবর) সকাল ১০টায় এই ফলাফল ঘোষণা করেন বোর্ডের চেয়ারম্যান প্রফেসর ইউনুস আলী সিদ্দিকী।

পরিসংখ্যান রিপোর্টে জানা গেছে, এ বছর পরীক্ষায় বরিশাল শিক্ষা বোর্ডের আওতাধীন বিভাগের ছয় জেলার মোট ৩৪৯টি কলেজ থেকে ৬১ হাজার ৪৮১ জন পরীক্ষার্থী অংশগ্রহণ করে। এর মধ্যে ছাত্র ২৯ হাজার ৯১ এবং ছাত্রী ৩২ হাজার ৩৯০ জন। পাশ করেছে ৩৭ হাজার ৬৬ জন।

পাশের হারে এগিয়ে ঢাকা বোর্ড, পিছিয়ে কুমিল্লা

এছাড়া গত বছর বোর্ডে পাশের হার ছিল ৮১ দশমিক ৮৫ শতাংশ। গত বছরের চেয়ে এবার পাশের হার ও জিপিএ-৫ এর সংখ্যা কমেছে।